# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

## সংযোজনী- ৪, ১.৫ এর কর্ম-পরিবেশ উন্নয়ন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-২০২২-২৩ এর সংযোজনী-৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২২-২৩ এর ১.৫-এ উল্লেখিত **কর্ম-পরিবেশ উন্নয়ন সম্পর্কিত** বাস্তবায়ন প্রতিবেদন।

**(১) পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যাবলী:**

(ক) অত্র বোর্ডের ফাঁকা স্থানের আগাছা পরিস্কার;

(খ) সীমানা প্রাচীরে সাঁটানো সকল পোস্টার এবং অনুরূপ কাগজপত্রাদি অপসারণ।

(গ) পরীক্ষা পরবর্তী বিভিন্ন অপ্রয়োজনীয় প্যাকেটিং কাগজ ও কাপড়সহ অন্যান্য আবর্জনা অপসারণ।

**(২) নথি বিনষ্টকরণ:**

অত্র বোর্ডের ব্যবহৃত ও অপ্রয়োজনীয় নথি এবং অন্যান্য অকেজো মালামাল কমিটির মাধ্যমে বিনষ্টকরণ করা হয়েছে।

22.06.2023

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

22.06.23

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় : **অপ্রয়োজনীয় মালামাল যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী দাখিল প্রসঙ্গে।**

সূত্র : বোর্ডের স্মারক নং ৩৭.১৬.০০০০.০০৬.৯৬.০০১.২২-৪৯৮; তারিখ: ১৪/১২/২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বোর্ডের পরীক্ষা (গোপনীয়) শাখায় রক্ষিত অপ্রয়োজনীয় কাগজপত্র অপসারণের আবেদনের প্রেক্ষিতে গঠিত কমিটির সভার প্রতিবেদন মহোদয় এর সদয় কার্যার্থে এতদসংগে সংযোজিত হলো।

সংযুক্তি : ক. ০১(এক) পৃষ্ঠাবিশিষ্ট কমিটির ৩য় সভার প্রতিবেদন - ০১(এক) কপি।

(ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)
বামাশিবো, ঢাকা

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd


## মালামাল যাচাই কমিটি'র সভার কার্যবিবরণী :

অত্র বোর্ডের বিগত ১৫/০৫/২০২৩খ্রি. তারিখের নং ৩৭.১৬.০০০০.০০৬.০২.০০১.২৩-৫৯৮ স্মারক মোতাবেক গঠিত অপ্রয়োজনীয় কাগজপত্র ও অকেজো মালামাল মালামাল যাচাই-বাছাই কমিটি"র **৩য় সভা** অদ্য **১৭/০৫/২০২৩খ্রি.** তারিখ রোজ **বুধবার** সকাল ১০.০০ ঘটিকায় বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক ও বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়) ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক।

সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

১. ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. জনাব তৈয়ব হোসেন সরকার, উপ-রেজিস্ট্রার(কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. জনাব মাহফুজ মুর্শেদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট(চ.দা), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. জনাব খন্দকার কবির উদ্দিন, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. জনাব মোঃ নাজমুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;

**সভায় নিম্নবর্ণিত প্রস্তাব ও সিদ্ধান্ত গৃহিত হয়:**

১। প্রস্তাব : বোর্ডের পরীক্ষা(গোপনীয়) শাখার আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন অপ্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনাঃ** সভার শুরুতে কমিটির আহবায়ক জানান যে, আবেদনে বর্ণিত কাগজপত্রসমূহ হলো ২০১৭ থেকে ২০২০ পর্যন্ত নাম ও বয়স সংশোধনের ম্যানুয়াল আবেদন, ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার মূল সনদ পাওয়ার আবেদন, ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার সাময়িক সনদ, দ্বিনকল, ত্রিনকল ও ফ্রেশকপি প্রাপ্তির আবেদন এবং ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার সাময়িক সনদ, দ্বিনকল, ত্রিনকল ও ফ্রেশকপির ফরমেটের মুড়ির অংশ। যার প্রয়োজনীয়তা ইতোমধ্যে শেষে হয়ে গেছে। কাজেই জরুরী অপসারণ করা না হলে অতিরিক্ত লোডের কারণে ও স্থানের অভাবে রেকর্ড রুমে বিভিন্ন সমস্যা সৃষ্টি হতে পারে। বর্ণিত কাগজপত্রের তালিকা নিম্নরূপঃ

| নং | অপ্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ | পরিমান |
|---|---|---|
| ১. | ২০১৭ থেকে ২০২০ পর্যন্ত নাম ও বয়স সংশোধনের ম্যানুয়াল আবেদন | ১১৭ প্যাকেট/বান্ডিল |
| ২. | ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার মূল সনদ পাওয়ার আবেদন | ১০ বস্তা |
| ৩. | ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার সাময়িক সনদ, দ্বিনকল, ত্রিনকল ও ফ্রেশকপি প্রাপ্তির আবেদন | ১০ বস্তা |
| ৪. | ২০২১ ও তৎপূর্ববর্তী সনের বিভিন্ন পরীক্ষার সাময়িক সনদ, দ্বিনকল, ত্রিনকল ও ফ্রেশকপির ফরমেটের মুড়ির অংশ | ১০ বস্তা |

উক্ত কাগজপত্র সরেজমিন যাচাই করতে প্রশাসনিক ভবনের ৪র্থ তলার পরীক্ষা গোপনীয় শাখায় গিয়ে দেখা যায়, রেকর্ড রুমের এক পাশে বস্তা ভর্তি করে উক্ত কাগজপত্র রাখা রয়েছে। ফলে জমানো থাকায় পরিষ্কার-পরিছন্নতার বিঘ্ন হচ্ছে এবং উইপোকার উপদ্রব ছড়াচ্ছে অপরদিকে ভবনের উপর অতিরিক্ত লোড দিচ্ছে। এগুলো দাহ্য পদার্থ ও বারান্দায় থাকায় অগ্নিকান্ডের ঝুঁকি রয়েছে। তাছাড়া, বৃষ্টিতে বা আবহাওয়ার প্রতিক্রিয়ায় নষ্ট হওয়ার আসঙ্কা করা হচ্ছে।


এ বিষয় উক্ত শাখার রেকর্ড কিপার কমিটিকে জানান যে, উক্ত কাগজপত্র এ যাবৎকালে কোন কাজে ব্যবহৃত হয়নি। যা দিনে দিনে বেড়ে রেকর্ড রুমের একটি কর্ণার দখল করে আছে। যার ফলে রেকর্ড রুমের প্রয়োজনীয় রেকর্ড সংরক্ষন ও যাচাই করাও দুঃসাধ্য হতে চলছে।

**পর্যালোচনাঃ** সরেজমিন পরিদর্শনে গিয়ে কমিটির সদস্যগণ উক্ত কাগজপত্রের বস্তা খুলে কয়েকটি নমুনা সংগ্রহ করে। তাতে দেখা যায় এগুলো আবেদনে উল্লেখিত বিভিন্ন সনদ প্রাপ্তির আবেদন ও নাম ও বয়স সংশোধনের ম্যানুয়াল আবেদন। যা সংরক্ষনের প্রয়োজনীয়তা নাই -মর্মে কমিটির সকলে একমত পোষন করেন।

**সুপারিশঃ** আবেদন উল্লেখিত কাগজপত্রের তালিকা করে পুড়িয়ে বিনষ্ট করার সুপারিশ করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| 17.05.23 | 17/05/23 | 17.05.2023 | 17.05.23 | 17/05/23 |
| (মোঃ নাজমুল হাসান)<br>উপ-সহকারী প্রকৌশলী<br>বামাশিবো, ঢাকা | (খন্দকার কবির উদ্দিন)<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>বামাশিবো, ঢাকা | (মাহফুজ মুর্শেদ)<br>সি. সিস্টেম এনালিস্ট(চ.দা)<br>বামাশিবো, ঢাকা | (তৈয়ব হোসেন সরকার)<br>উপ-রেজিস্ট্রার (কমন)<br>বামাশিবো, ঢাকা | (ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক)<br>উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)<br>বামাশিবো, ঢাকা |






জাতীয় শিশু দিবস
উপলক্ষে
বাংলাদেশ


জাতীয় শিশু দিবস
উপলক্ষে

<u>মহিলা ওয়াশরুমের স্থিরচিত্র</u>

